# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫১৯

১৩/ সুন্নাহ

পরিচ্ছেদঃ অনুসরণের নমুনা

## আরবী

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللهِ ﷺ جَاءَهُ جَاءٍ فَقَالَ أُكِلَتْ الْحُمُرُ فَسَكَتَ ثُمَّ أَتَاهُ الثَّانِيَةَ فَقَالَ أُكِلَتْ الْحُمُرُ فَسَكَتَ ثُمَّ أَتَاهُ الثَّالِثَةَ فَقَالَ أُفْنِيَتْ الْحُمُرُ فَأَمَرَ مُنَادِيًا فَنَادَى فِي النَّاسِ إِنَّ اللهَ وَرَسُولَهُ يَنْهَيَانِكُمْ عَنْ لُحُومِ الْحُمُرِ الْأَهْلِيَّةِ فَأُكْفِئَتْ الْقُدُورُ وَإِنَّهَا لَتَفُورُ بِاللَّحْمِ

## বাংলা

(১৫১৯) আনাস (রাঃ) বলেন, খায়বারের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জনৈক ব্যক্তি এসে বলল, গাধাগুলিকে খেয়ে নেওয়া হচ্ছে! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুপ থাকলেন। দ্বিতীয় বার পুনরায় এসে বলল, 'গাধাগুলি খেয়ে নেওয়া হচ্ছে।' তিনি চুপ থাকলেন। তৃতীয় বার এসে বলল, 'গাধাগুলি শেষ করে দেওয়া হচ্ছে।' অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন ঘোষণাকারীকে এই কথা ঘোষণা করার আদেশ করলেন, ''আল্লাহ তাআলা ও তাঁর রাসূল তোমাদেরকে গৃহপালিত গাধার মাংস খেতে নিষেধ করছেন।'' এই ঘোষণা শোনামাত্র ফুটন্ত হাঁড়ির মাংস মাটিতে ঢেলে দেওয়া হল।

## ফুটনোট

(বুখারী ৪১৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65267

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন